সমকাল

তারিখ ... 10 SEP 2015 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... 2 ...

# জামালপুরে বন্যায় ৩৯১ শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ

■ জামালপুর প্রতিনিধি

দ্বিতীয় দফায় বন্যায় জামালপুর জেলা সদরসহ ৭ উপজেলার ৩৯১টি স্কুল-কলেজ ও মাদ্রাসা ফের বন্ধ হয়ে গেছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্র জানায়, জেলায় মোট প্রাথমিক স্কুল রয়েছে ১ হাজার ১৩৫টি। প্রথম দফার বন্যায় পানি ওঠার কারণে ১২২টি স্কুল এক সপ্তাহ বন্ধ রাখা হয়েছিল। পানি নেমে যেতে শুরু করায় স্কুলগুলোতে ক্লাস শুরু হতে না হতেই গত ২৮ আগস্ট থেকে ফের স্কুলে পানি ওঠায় ৩১০টি স্কুল সাময়িকভাবে বন্ধ ঘোষণা করতে হয়েছে। বর্তমানে স্কুলগুলোতে হাঁটু থেকে বুক পর্যন্ত পানি। জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, জেলায় ৮১টি মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসায় বন্যার পানি উঠেছে। ফলে ওইসব শিক্ষা প্রতিষ্ঠানগুলো সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা হয়েছে। স্কুলের শিক্ষার্থীরা জানায়, টানা বন্যার কারণে স্কুল দীর্ঘদিন বন্ধ থাকায় আসন্ন জেএসসি পরীক্ষার প্রস্তুতি নিতে তাদের সমস্যায় পড়তে হবে।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আবদুল আলীম জানান, দ্বিতীয় দফার বন্যায় গত ২৮ আগস্ট থেকে ইসলামপুরে ৮৬, দেওয়ানগঞ্জে ৩৮, মাদারগঞ্জে ৮১, সরিষাবাড়ীতে ১৫টি, মেলান্দহে ৭০টি, বকশীগঞ্জে ১৩টি ও সদরে ৭টি স্কুল বন্ধ রয়েছে। তবে পানি নেমে যাওয়ার সঙ্গে সঙ্গে ক্লাস শুরু করার জন্য সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা কর্মকর্তাকে নির্দেশ দেওয়া হয়েছে। জেলা শিক্ষা কর্মকর্তা মো. শামছুল হক জানান, জেলা সদরসহ ৭ উপজেলায় ৫২টি হাইস্কুল, ২৫টি মাদ্রাসা ও ৪টি কলেজে বন্যার পানি ওঠায় সেই সব শিক্ষা প্রতিষ্ঠান সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে।